



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয়: আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০।

স্মারক নং : সিশিবো/বিদ্যা/এডঃ কঃ/সুনাম-৯/৩৫

তারিখঃ ০৭/০১/২০১৮

বিষয় : বিদ্যালয়ে এডহক কমিটি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : তাঁর ০২/০১/২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত সদস্য সমন্বয়ে গঠিত তাঁহার বিদ্যালয়ের প্রস্তাবিত এডহক কমিটিকে “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯” এর ৩৯ ধারা অনুযায়ী ০৭/০১/২০১৮ খ্রিঃ তারিখ হইতে ০৬/০৭/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অনুমোদন দেওয়া হইল।

| ক্রমিক নং | নাম | পদবী |
|-----------|--|---------------------------|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ। | সভাপতি |
| ২. | জনাব মোঃ রেজাউল করিম, সহকারী শিক্ষক (জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ কর্তৃক মনোনীত) | শিক্ষক প্রতিনিধি |
| ৩. | জনাব মজর আলী (উপজেলা নির্বাহী কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ কর্তৃক মনোনীত) | অভিভাবক প্রতিনিধি |
| ৪. | প্রধান শিক্ষক, উক্ত বিদ্যালয় | সদস্য সচিব (পদাধিকার বলে) |

উল্লেখ্য, উক্ত কমিটিকে নির্ধারিত সময়ের মধ্যে একটি নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করিতে হইবে, ব্যর্থতায় পুনরায় এডহক কমিটি গঠনের অনুমতি দেওয়া হইবে না এবং বিদ্যালয়ের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

প্রাপক : প্রধান শিক্ষক

ইয়াকুব উল্লাহ পাবলিক উচ্চ বিদ্যালয়

ডাকঘর : গৌরারং, উপজেলা : সুনামগঞ্জ সদর

জেলা : সুনামগঞ্জ।

অনুলিপি :

- উপজেলা নির্বাহী কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ ও সভাপতি, এডহক কমিটি, ইয়াকুব উল্লাহ পাবলিক উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।